# সমবায় অধিদপ্তরের সদর কার্যালয়ের কর্মকর্তা, অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি এবং বিভাগীয় যুগ্মনিবন্ধকগণের সমন্বয়ে অনুষ্ঠিত দ্বি-মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি: ড. তরুণ কান্তি শিকদার
নিবন্ধক ও মহাপরিচালক
স্থান: সমবায় অধিদপ্তরের সম্মেলন কক্ষ 'পায়রা'
তারিখ: ২৭/০৩/২০২৩ খ্রি.
সময়: সকাল ১০.০০টায়

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে নিবন্ধক ও মহাপরিচালক সভা শুরু করেন। এ পর্যায়ে সভার সভাপতি যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর, ঢাকাকে আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। দ্বি-মাসিক সমন্বয় সভায় নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী পর্যায়ক্রমে বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০১. | ১৯/০১/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়করণ। | বিগত ১৯/০১/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত দ্বি-মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সমবায় অধিদপ্তরের স্মারক নং-১৪(৫০)স/মু, তারিখ-২২/০২/২০২৩ খ্রি. মূলে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণীর উপর কোন সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি বিধায় উক্ত কার্যবিবরণীটি দৃঢ়করণ করা যেতে পারে। | বিগত ১৯/০১/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত দ্বি-মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধন/সংযোজন/বিয়োজন প্রস্তাব না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়করণ করা হল। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ০২. | বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্কভিটা) এর কার্যক্রম সংক্রান্ত। | বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্কভিটা) এর উপ-মহাব্যবস্থাপক (সমিতি) সভায় মিল্কভিটার সামগ্রিক কার্যক্রমের সংক্ষিপ্ত সারসংক্ষেপ উপস্থাপন করেন। তাদের মূল কাজ মাঠ পর্যায়ে দুগ্ধ উৎপাদকারী সমবায় সমিতির সদস্যদের গাভী ক্রয়ে ঋণ প্রদান, গো খাদ্য সহায়তা এবং সমিতির সদস্যদের প্রশিক্ষণ প্রদান। সমবায়ী খামারীদের নিকট হতে দুগ্ধ সংগ্রহ করা এবং দুগ্ধজাত দ্রব্যাদি প্রস্তুতপূর্বক বাজারজাত করা। ২০২২-২০২৩ অর্থ বছরের ডিসেম্বর/২২ পর্যন্ত ১৫.৩৯ কোটি টাকা লোকসান হয়েছে। | (ক) বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্কভিটা) এর মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সংশ্লিষ্ট উপজেলা/জেলা/বিভাগ পর্যায়ে সমবায় বিভাগের সাথে যোগাযোগ রক্ষা করে কার্যক্রম পরিচালনা করার করা জন্য মাঠ পর্যায়ে নির্দেশনা প্রদান করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্কভিটা) |
| | | তিনি আরো জানান মাঠ পর্যায় হতে দুগ্ধ সংগ্রহ আশানারুপ পরিমাণ না হওয়ায় লোকসানের পরিমাণ বৃদ্ধি পেয়েছে। দুগ্ধ সংগ্রহ করার বিষয়ে সমবায় বিভাগের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সহায়তা কামনা করেন। | (খ) প্রতি দ্বি-মাসিক সমন্বয় সভায় বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্কভিটা) এর কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন করতে হবে। | -ঐ- |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০৩. | বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড এর কার্যক্রম সংক্রান্ত। | সভার সভাপতি বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড এর মাসিক বা দ্বি-মাসিক ভিত্তিতে কোন সভা অনুষ্ঠিত হয় কিনা, সমবায় ব্যাংক এর অর্গানোগ্রাম বিষয়ে এবং সমবায় ব্যাংক একটি জাতীয় সমবায় সমিতি হিসেবে এর কেন্দ্রীয় সমবায় সমিতি ও প্রাথমিক সমিতি কতটি সামগ্রিক বিষয়ে সারসংক্ষেপ সভায় উপস্থাপনের জন্য সমবায় ব্যাংকের প্রতিনিধিকে অনুরোধ করেন। | (ক) বিভাগীয় ও জেলা পর্যায়ের সমন্বয় সভায় সংশ্লিষ্ট বিভাগ/জেলার বাংলাদেশ সমবায় ব্যাংকের প্রতিনিধি উপস্থিত থাকার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)/ মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), বিএসবিএল |
| | | মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড সভাকে জানান, সমবায় ব্যাংকের কার্যক্রম মূলত কৃষি ঋণ, স্বর্ণ বন্ধকি, সরকারি চাকুরীজীবীদের পারর্সোনাল লোন প্রদান ও পল্লী সঞ্চয় প্রকল্প খাতে ঋণ প্রদানের মাধ্যমে বিনিয়োগ। সমবায় বিভাগের মাধ্যমে পল্লী সঞ্চয় প্রকল্প খাতে ঋণ প্রদান করা হয়েছে। বর্তমানে ৫ কোটি টাকার মতো অনাদায়ী ঋণ রয়েছে এবং সমবায় অধিদপ্তরের কর্মচারীদের মাঝে পারর্সোনাল লোন প্রদান করা হয়েছে, যার মধ্যে প্রায় ১ কোটি ১৫ লক্ষ টাকা অনাদায়ী রয়েছে। কৃষি ঋণ নওগাঁতে ২ কোটি ৫০ লক্ষ ও চুয়াডাঙ্গাতে ২ কোটি ৫০ লক্ষ টাকা অনাদায়ী রয়েছে। অনাদায়ী ঋণ আদায় বিষয়ে বিভাগীয় যুগ্মনিবন্ধকগণের সহযোগিতা কামনা করেন। | (খ) সমবায় ব্যাংকের ব্যবস্থাপনা কমিটির সভা এবং কর্মকর্তাদের সমন্বয়ে অনুষ্ঠিত সকল সভার কার্যবিবরণী সমবায় অধিদপ্তরের ব্যাংক ও বীমা শাখায় প্রেরণ করতে হবে।<br><br>(গ) পরবর্তী সমন্বয় সভায় বাংলাদেশ সমবায় ব্যাংক এর সামগ্রিক কার্যক্রম (ঋণ কার্যক্রম, আয় ব্যয়ের হিসাব, কর্মকর্তা/কর্মচারী সংক্রান্ত তথ্য, সমস্যা ও প্রতিকারে করণীয়) উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), বিএসবিএল<br><br>-ঐ- |
| | | মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড সভায় জানান, মাসিক বা দ্বি-মাসিক ভিত্তিতে ব্যাংকে কোন সভা অনুষ্ঠিত হয় না। সমবায় অধিদপ্তরের দ্বি-মাসিক সভায় এবার প্রথমবারের মতো উপস্থিত হওয়ায়, সমবায় ব্যাংকের সামগ্রিকভাবে সারসংক্ষেপ প্রস্তুত করা হয়নি। আগামীতে ব্যাংকের সামগ্রিক কার্যক্রমের উপর সারসংক্ষেপ প্রস্তুতপূর্বক উপস্থাপন করা হবে। | (ঘ) সমবায় অধিদপ্তরের কর্মচারীদের মাঝে বিতরণকৃত পারর্সোনাল লোন আদায়ের ক্ষেত্রে কর্মচারীদের বেতন যেসকল ব্যাংক হিসাবে হয়ে থাকে সেকল ব্যাংকের সাথে সমবায় ব্যাংক এমইউ এর মাধ্যমে কিস্তির টাকা কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | -ঐ- |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০৪. | ঘূর্ণায়মান আর্বতক তহবিল সংক্রান্ত। | যুগ্মনিবন্ধক (উৎপাদনমুখী শিল্প) জানান ঘূর্ণায়মান আর্বতক তহবিল সংক্রান্ত দ্বি-মাসিক ভিত্তিতে ব্যাংক স্টেটমেন্ট যাচাইপূর্বক প্রত্যয়ন পত্র প্রদানের জন্য বিভাগীয় যুগ্মনিবন্ধকগণকে পত্র প্রেরণ করা হলেও উক্ত প্রত্যয়ন পত্র এবং ব্যাংক স্টেটমেন্ট কোন বিভাগ হতে পাওয়া যায়নি। | (ক) প্রতি দুইমাস অন্তর ব্যাংক স্টেটমেন্ট যাচাইপূর্বক প্রত্যয়ন পত্র নির্ধারিত সময়ের মধ্যে উৎপাদনমুখী শিল্প শাখায় প্রেরণ করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | যুগ্মনিবন্ধক (উৎপাদনমুখী শিল্প) সভায় জানান ময়মনসিংহ বিভাগের গারো সম্প্রদায়ের জীবন যাত্রার মান উন্নয়ন শীর্ষক সমাপ্ত প্রকল্পের ঘূর্ণায়মান আর্বতক তহবিল ঋণ আদায় হার কম। যে সকল বিভাগের ঋণ আদায় হার ৫০% এর কম তার একটি তালিকা সভায় উপস্থাপন করেন। আগামীতে আদায় হার বৃদ্ধির জন্য প্রয়োজনে কর্মকর্তাগণকে মাঠ পর্যায়ে যেতে হবে মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (খ) যে সকল বিভাগে ঘূর্ণায়মান আর্বতক তহবিল ঋণ আদায় হার ৫০% এর কম, সে সকল বিভাগে আদায় হার বৃদ্ধির জন্য কার্যকর উদ্যোগ গ্রহণ করে এ দপ্তরের উৎপাদনমুখী শিল্প শাখাকে অবহিত করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | যুগ্মনিবন্ধক (উৎপাদনমুখী শিল্প) সভায় জানান খুলনা বিভাগ সফটওয়্যারের মাধ্যমে অনলাইনে রিটার্ণ প্রেরণ করেন যা সকল বিভাগ অনুসরণ করলে অনেকাংশে সচ্ছতা আনয়ন সম্ভব হবে। যুগ্মনিবন্ধক (ইপিপি) সভায় জানান সমবায় অধিদপ্তর হতে অনুমোদন নিয়ে খুলনাসহ দুইটি বিভাগ এ বিষয়ে পাইলটিং করেছে, অন্যান্য বিভাগে এ বিষয়ে কোন নির্দেশনা প্রদান করা হয়নি। অন্যান্য বিভাগে এ বিষয়ে রেপ্লিকেটিং এর জন্য পত্র দেয়া হলে সকলে কাজ করতে পারবে মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (গ) খুলনা বিভাগের আদলে সফটওয়্যারের মাধ্যমে অনলাইনে রিটার্ণ প্রেরণ বিষয়ক পাইলটিং সকল বিভাগে রেপ্লিকেটিং করার জন্য পত্র দিতে হবে। | আহবায়ক/সদস্য সচিব ই-গর্ভন্যান্স/উদ্ভাবনী পরিকল্পনা বাস্তবায়ন কমিটি /যুগ্মনিবন্ধক (উৎপাদনমুখী শিল্প) |
| ০৫. | আশ্রয়ন প্রকল্পের ঋণ কার্যক্রম সংক্রান্ত। | আশ্রয়ন প্রকল্প-২ এর আওতায় নতুন নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা এবং সমবায় সমিতির সদস্য সংখ্যার তথ্য প্রতি মাসে এ দপ্তরের প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (ক) আশ্রয়ন প্রকল্প-২ এর আওতায় নতুন নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা এবং সমবায় সমিতির সদস্য সংখ্যার তথ্য প্রতি মাসে এ দপ্তরের এমআইএস শাখায় প্রেরণ করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | | (খ) আশ্রয়ন প্রকল্পের ঋণ আদায় অগ্রগতি প্রতি দ্বি-মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মনিবন্ধক (এমআইএস) সমবায় অধিদপ্তর |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০৬. | বাংলাদেশ সমবায় একাডেমি ও আঞ্চলিক সমবায় শিক্ষায়তনসমূহের প্রশিক্ষণ অগ্রগতি, নতুন প্রশিক্ষণ কারিকুলাম প্রণয়ন এবং বাংলাদেশ সমবায় একাডেমির ভৌত অবকাঠামো উন্নয়ন। | অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কুমিল্লা সভায় জানান লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম শতভাগ সম্পন্ন করা সম্ভব হবে। বাংলাদেশ সমবায় একাডেমি এবং এর আওতাধীন আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট, নরসিংদী এবং মৌলভীবাজার জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর নিবন্ধন লাভ করেছে। অন্যান্য সমবায় ইন্সটিটিউটসমূহ এনএসডিএ এর নিবন্ধন নেয়ার জন্য আবেদন করেছে। তারাও আগামীতে এনএসডিএ এর নিবন্ধন পাবে মর্মে সভায় আশাবাদ ব্যক্ত করেন। | (ক) লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করতে হবে। | অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কুমিল্লা |
| | | সমবায়ীদের জন্য সমবায় সমিতি ব্যবস্থাপনা কোর্স এবং অডিটিং কোর্স বেশী প্রয়োজন। আইজিএ কোর্সের ক্ষেত্রে একই প্রশিক্ষণার্থী একই বিষয়ে একাধিকবার প্রশিক্ষণ গ্রহণ করে থাকে। এতে করে অন্যান্য সমবায়ীরা প্রশিক্ষণ হতে বঞ্চিত হয়। প্রশিক্ষণার্থীদের এনআইডি দিয়ে ডাটাবেস তৈরী করা গেলে এ বিষয়টি নিয়ন্ত্রণ করা যাবে মর্মে সভায় আলোচনা করা হয়। | (খ) বাংলাদেশ সমবায় একাডেমি এবং এর আওতাধীন আঞ্চলিক সমবায় ইন্সটিটিউটসমূহে সকল পর্যায়ের প্রশিক্ষণার্থীদের জাতীয় পরিচয় পত্র ব্যবহার করে ডাটাবেস তৈরীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | -ঐ- |
| | | অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কুমিল্লা সভায় জানান বিভাগীয় যুগ্মনিবন্ধক, বরিশাল ইতিপূর্বে প্রফেশনাল কোর্সের প্রস্তাব দিয়েছিলেন। এ বিষয়ে পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণ করার জন্য অনুরোধ করেন এবং পূর্ণাঙ্গ প্রস্তাব পাওয়া গেলে আগামী অর্থ বছরের প্রশিক্ষণ কোর্স ক্যালেন্ডার প্রণয়নের সময় একটি সভার আয়োজনের মাধ্যমে তা সভায় উপস্থাপন করা হবে এবং সংশ্লিষ্ট সকলের সাথে আলোচনাক্রমে আগামী অর্থ বছরের প্রশিক্ষণ কোর্স ক্যালেন্ডার প্রণয়ন করা হবে। | (গ) প্রফেশনাল কোর্স বিষয়ে পূর্ণাঙ্গ প্রস্তাব অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কুমিল্লা বরাবর প্রেরণ করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক, বরিশাল |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০৭. | অডিট অগ্রগতি ও অডিট ফি (কেন্দ্রীয় ও প্রাথমিক সমিতির ধার্য ও আদায় সংক্রান্ত পৃথক তথ্যসহ) আদায়ের অগ্রগতি | অডিট ফি সঠিক ভাবে ধার্য ও আদায় করতে হবে। বিভাগীয় যুগ্মনিবন্ধকগণ কর্তৃক সংশ্লিষ্ট জেলা সমবায় কার্যালয়, পরিদর্শন করে অডিট নোট পর্যালোচনাপূর্বক ধার্যকৃত অডিট ফি এর সঠিকতা যাচাই নিশ্চিত করতে হবে।<br><br>যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) সভায় জানান বিআরডিবিভুক্ত প্রাথমিক সমবায় সমিতির অডিট লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পাদন না হওয়ার কারণ এবং শতভাগ অডিট সম্পাদনে করণীয় সম্পর্কে সুস্পষ্ট মতামত প্রদানের জন্য নিবন্ধক ও মহাপরিচালকের স্বাক্ষরে বিভাগীয় যুগ্মনিবন্ধকগণকে পত্র দেয়া হয়েছে এবং পত্রের অনুলিপি সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং মহাপরিচালক বিআরডিবির বরাবর দেয়া হয়েছে। বিভাগীয় সমবায় দপ্তরসমূহ হতে মতামত পাওয়া গেলে, মতামতের ভিত্তিতে একটি পুর্ণাঙ্গ প্রতিবেদন প্রস্তুতপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (ক) অডিট নোট পর্যালোচনাপূর্বক অডিট ফি এর সঠিকতা যাচাইয়ের বিষয়টি মনিটরিং করতে হবে।<br><br>(খ) বিভাগীয় যুগ্মনিবন্ধকগণকে সংশ্লিষ্ট জেলা সমবায় কার্যালয়, পরিদর্শন করে অডিট নোট পর্যালোচনাপূর্বক অডিট ফি এর সঠিকতা যাচাই করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে শতভাগ অডিট সম্পাদন ও অডিট ফি আদায় ১০০% নিশ্চিত করতে হবে।<br><br>(গ) বিভাগীয় সমবায় দপ্তরসমূহ হতে বিআরডিবিভুক্ত প্রাথমিক সমবায় সমিতির অডিট অগ্রগতি বিষয়ে তথ্য ও মতামত দ্রুত সময়ের মধ্যে এ দপ্তরে প্রেরণ করতে হবে এবং বিভাগীয় সমবায় দপ্তরসমূহ হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে একটি পুর্ণাঙ্গ প্রতিবেদন প্রস্তুতপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (অডিট ও আইন)<br><br>যুগ্মনিবন্ধক (অডিট ও আইন)/ বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br><br>-ঐ- |
| ০৮. | সমবায় উন্নয়ন তহবিল আদায় অগ্রগতি | ২০২১-২০২২ খ্রি. সনের অডিট নোটের ভিত্তিতে সঠিকভাবে সমবায় উন্নয়ন তহবিল ধার্য, সমবায় উন্নয়ন তহবিল ধার্যকৃত সমিতির সংখ্যা সঠিক ভাবে নির্ধারণ এবং সমবায় উন্নয়ন তহবিল আদায় ১০০% নিশ্চিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিভাগীয় যুগ্মনিবন্ধকগণ সংশ্লিষ্ট জেলা সমবায় কার্যালয়, পরিদর্শন করে অডিট নোট পর্যালোচনাপূর্বক সমবায় উন্নয়ন তহবিলের সঠিকতা যাচাই এবং এ দপ্তরের ইপিপি শাখা কর্তৃক বিষয়টি পর্যবেক্ষণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (ক) ২০২১-২০২২ খ্রি. সনের অডিট নোটের ভিত্তিতে সঠিকভাবে সমবায় উন্নয়ন তহবিল ধার্য, ধার্যকৃত সমিতির সংখ্যা নির্ধারণ ও সমবায় উন্নয়ন তহবিল সঠিকভাবে নির্ধারিত সময়ের মধ্যে ১০০% আদায় নিশ্চিত করতে হবে।<br><br>(খ) অডিট নোট পর্যালোচনাপূর্বক সমবায় উন্নয়ন তহবিলের সঠিকতা যাচাইয়ের বিষয়টি গুরুত্ব সহকারে মনিটরিং করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br><br>যুগ্মনিবন্ধক(ইপিপি) /বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | যুগ্মনিবন্ধক (ইপিপি) সভায় জানান এ দপ্তরের বিভিন্ন শাখা এবং এ দপ্তরের আওতাধীন কার্যালয়সমূহ সমবায় উন্নয়ন তহবিল হতে অগ্রীম গ্রহণ করেছেন এবং সমবায় উন্নয়ন তহবিল হতে গৃহিত অগ্রীম অদ্যাবধি অনেকেই সমন্বয় করেননি। এ বিষয়ে সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। | (গ) সমবায় উন্নয়ন তহবিল হতে গৃহিত অগ্রীম যারা অদ্যাবধি সমন্বয় করেননি তাদের সকলকে পত্র দিতে হবে। | যুগ্মনিবন্ধক (ইপিপি) সমবায় অধিদপ্তর |
| ০৯. | বিভিন্ন আদালতে বিচারাধীন মামলা নিষ্পত্তি অগ্রগতি পর্যালোচনা | বিভিন্ন আদালতে বিচারাধীন মামলাগুলোর নিষ্পত্তির অগ্রগতি বিষয়ে সভায় আলোচনা করা হয়। আলোচ্য ২ মাসে উচ্চ আদালতে ০৬ টি মামলা এবং নিম্ন আদালতে ৪৭ টি মামলা নিষ্পত্তি হয়েছে মর্মে সভায় জানানো হয়। অবশিষ্ট পেন্ডিং মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | (ক) অবশিষ্ট পেন্ডিং মামলাগুলো দ্রুত নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। বিশেষ করে যে সকল মামলার ক্ষেত্রে সরকারের সংশ্লিষ্টতা রয়েছে, সেগুলো বিশেষভাবে গুরুত্ব দিতে হবে। | যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) / বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)/ উপনিবন্ধক (প্রশাসন) সমবায় অধিদপ্তর |
| ১০. | তথ্য অধিকার আইন ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ তৈরী/হালনাগাদ | এ দপ্তরের প্রধান কার্যালয়ের তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স নির্দেশনা মোতাবেক বিগত ০৫/০১/২০২৩ খ্রি. তারিখে স্মারক নং-৪৭.৬১.০০০০.০০৬.০৫.০০১.২২.৭ মূলে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করা হয়েছে। | (ক) তথ্য অধিকার আইন ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্য বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে হালনাগাদ রাখতে হবে। | অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কুমিল্লা/ বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)/ ফোকালপয়েন্ট কর্মকর্তা ও তথ্য প্রদানকারী দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, সমবায় অধিদপ্তর |
| ১১. | এপিএ/জিআরএস/এনআইএস/ সিটিজেন চার্টার সংক্রান্ত বিষয়াদি | এপিএ / জিআরএস / আরটিআই / এনআইএস সংক্রান্ত বিষয়গুলো লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাসময়ে বাস্তবায়ন এবং সিটিজেন চার্টার ত্রৈমাসিক ভিত্তিতে বিভাগীয় পর্যায়, জেলা পর্যায় এবং উপজেলা পর্যায়ে হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (ক) এপিএ / জিআরএস / আরটিআই / এনআইএস সংক্রান্ত বিষয়গুলো নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)/ উপনিবন্ধক (প্রশাসন), সমবায় অধিদপ্তর |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১২. | স্থানীয় রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক উত্থাপিত সমবায় অধিদপ্তরের (প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়) অডিট আপত্তি নিষ্পত্তির অগ্রগতি | ফেব্রুয়ারি/২০২৩ তারিখ পর্যন্ত সমবায় অধিদপ্তর সদর কার্যালয় এবং সমবায় অধিদপ্তরের আওতাধীন দপ্তর সমূহের মোট আপত্তির সংখ্যা ১৫৪টি (একশত চুয়ান্ন)। জানুয়ারি/২৩ মাসে এ সংখ্যা ছিল ১৯৮টি (একশত আটানব্বই)। অডিট অধিদপ্তর কর্তৃক ফেব্রুয়ারি/২৩ মাসে ৪৪টি (চুয়াল্লিশ) [যেখানে জড়িত টাকার পরিমান ৪২,৮৮,৪৫৯.০০ (বিয়াল্লিশ লক্ষ আটাশি হাজার চারশত ঊনষাট) টাকা] অডিট আপত্তি নিষ্পত্তির ছাড়পত্র প্রদান করায় ফেব্রুয়ারি/২৩ মাসে সর্বমোট আপত্তির সংখ্যা ১৫৪টি (একশত চুয়ান্ন)। | (ক) সমবায় অধিদপ্তরের সদর কার্যালয়ের এবং মাঠ পর্যায়ের বিভিন্ন দপ্তরসমূহের অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে ত্রিপক্ষীয় সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)/ উপনিবন্ধক (ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর |
| ১৩. | ঝুঁকিপূর্ণ সমবায় সমিতি সংক্রান্ত | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের নির্দেশনা মোতাবেক প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে ঝুঁকিপূর্ণ সমবায় সমিতির পরিদর্শনের তথ্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করতে হবে। ঝুঁকিপূর্ণ সমবায় সমিতির মনিটরিং বিষয়ে এবং ঝুঁকিপূর্ণ সমবায় সমিতি চিহ্নিত করার কার্যক্রম চলমান রাখতে হবে। চিহ্নিত ঝুঁকিপূর্ণ সমবায় সমিতির ঝুঁকি হ্রাসের উদ্যোগ গ্রহণ করতে হবে এবং প্রতি মাসে ঝুঁকিপূর্ণ সমবায় সমিতির তালিকা এ দপ্তরের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (ক) ঝুঁকিপূর্ণ সমবায় সমিতি সম্পর্কিত তথ্য প্রতি দ্বি-মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।<br><br>(খ) মাঠ পর্যায়ে ঝুঁকিপূর্ণ সমবায় সমিতি নিয়মিত মিনিটরিং করতে হবে। | অতিরিক্ত নিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা) সমবায় অধিদপ্তর<br><br>বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| ১৪. | জেলা প্রশাসক সম্মেলন, ২০২২ এর পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ সংশ্লিষ্ট ০৩টি সুপারিশ বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত | বিগত ২৪, ২৫ ও ২৬ জানুয়ারি ২০২৩ তারিখ জেলা প্রশাসক সম্মেলন-২০২৩ অনুষ্ঠিত হয়েছে। সমবায় বিভাগ সংশ্লিষ্ট জেলা প্রশাসক সম্মেলন ২০২২ এর ৩টি সুপারিশ এর বাস্তবায়ন অগ্রগতি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানানো হয়েছে। এমবস্থায়, এ আলোচ্যসূচি বাদ দেয়া যেতে পারে মর্মে সভায় আলোচনা করা হয়। | (ক) জেলা প্রশাসক সম্মেলন, ২০২২ এর পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ সংশ্লিষ্ট ০৩টি সুপারিশ বাস্তবায়ন হওয়ায় আলোচ্যসূচি বাদ দেওয়া হলো। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ১৫. | অনিষ্পন্ন বিষয়াদি | সমবায় অধিদপ্তরের বিগত ২৯/০৮/২০০৭ খ্রি. তারিখে স্মারক নং ২৩/৯৫জি-১২০১/১(৬৩)এ/ও মূলে জারিকৃত কর্মবন্টনের বিষয়গুলো হালনাগাদ ও সুনির্দিষ্টকরণের লক্ষ্যে বিগত ২৩/১১/২০২২ খ্রি. তারিখে আদেশ নং- ৯৭৩(৮)-এ/ও; মূলে গঠিত কমিটির বিগত ০৮/০১/২০২৩ খ্রি. তারিখে সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত কার্যক্রম সম্পাদনের জন্য আরো সভার আয়োজন করা হবে। | (ক) বিদ্যমান কর্মবন্টন হালনাগাদ করার জন্য সুনির্দিষ্টভাবে প্রস্তাব উল্লেখপূর্বক আগামী ১ মাসের মধ্যে কার্যক্রম সম্পন্ন করতে হবে। | সভাপতি/সদস্য সচিব, (এ সংক্রান্ত গঠিত কমিটি) |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
| --- | --- | --- | --- | --- |
| ১৬. | বিবিধ | সমবায় অধিদপ্তরের শাখাগুলোকে পুনর্বিন্যাসকরণের লক্ষ্যে জনাব মোঃ আহসান কবীর, অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) কে সভাপতি এবং জনাব কাজী মেসবাহ উদ্দিন আহমেদ, যুগ্ম-নিবন্ধক (গবেষণা ও এমআইএস) কে সদস্য সচিব করে ৫ সদস্য বিশিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে ইতিপূর্বে গঠিত কমিটির সদস্যগণ বদলিজনিত কারণে উক্ত কমিটি পুনর্গঠন করার বিষয়ে এবং নতুন কমিটি কর্তৃক সমবায় অধিদপ্তরের শাখাগুলোকে যৌক্তিক পুনর্বিন্যাসকরণ; নতুন শাখা সৃজনের সুপারিশ ও শাখার কর্মবন্টন প্রস্তুতকরণ; নিবন্ধক ও মহাপরিচালকের নিকট প্রশাসনিক সংস্কার বিষয়ক সুনির্দিষ্ট প্রস্তাব দাখিলের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (ক) সমবায় অধিদপ্তরের শাখাগুলোকে পুনর্বিন্যাসকরণের লক্ষ্যে ইতিপূর্বে গঠিত কমিটি সভা অনুষ্ঠানের ১৫ দিনের মধ্যে পুনর্গঠন করতে হবে।<br><br>(খ) সমবায় অধিদপ্তরের শাখাগুলোকে পুনর্বিন্যাসকরণের লক্ষ্যে গঠিত নতুন কমিটি কর্তৃক সমবায় অধিদপ্তরের শাখাগুলোকে যৌক্তিক পুনর্বিন্যাসকরণ; নতুন শাখা সৃজনের সুপারিশ ও শাখার কর্মবন্টন প্রস্তুতকরণ; নিবন্ধক ও মহাপরিচালকের নিকট প্রশাসনিক সংস্কার বিষয়ক সুনির্দিষ্ট প্রস্তাবনাসহ একটি প্রতিবেদন দ্রুত সময়ের মধ্যে দাখিল করতে হবে। | যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স)<br><br>সভাপতি/সদস্য সচিব, (এ সংক্রান্ত গঠিত কমিটি) |
| | | অকার্যকর ইউসিএমপিএস ও সিসিএমপিএসগুলো উপজেলা/জেলা সমবায় অফিসারদের মাধ্যমে কার্যকর করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (গ) অকার্যকর ইউসিএমপিএস ও সিসিএমপিএসগুলো কার্যকর করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে এবং যে সকল অকার্যকর ইউসিএমপিএস ও সিসিএমপিএসগুলোকে কার্যকর করা যাবে না, সেগুলোর নিবন্ধন বাতিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | উপনিবন্ধক (পিপি) সভায় জানান, আন্তর্জাতিক সমবায় সংস্থা (আইসিএ) সমবায় পতাকার মর্যাদা অক্ষুন্ন রাখার জন্য নতুন করে সমবায় পতাকার ডিজাইন পরিবর্তন করেছে। আইসিএ লোগোসহ ৮টি কালারের পতাকার ডিজাইন তৈরি করে নিজেদের জন্য plum color flag সংরক্ষিত রেখে অন্য ৭টি কালার সদস্য দেশসমূহের জন্য উন্মুক্ত করে দিয়েছে। এ সংক্রান্ত একটি নির্দেশিকাও প্রণয়ন করেছে আইসিএ। নির্দেশিকায় পতাকার পরিমাপ, কালার ইত্যাদি বিষয়ে উল্লেখ করা হয়েছে। সে আলোকে ইতোমধ্যে ২০১৫ সালে কোস্টারিকা সমবায়ের জন্য ব্লু কালারের পতাকা নির্বাচন করেছে। পরিস্থিতি বিবেচনায় নিবন্ধক ও মহপরিচালক মহোদয়ের নির্দেশনার প্রেক্ষিতে ইপিপি অধিশাখা কর্তৃক আইসিএ এর নির্দেশিকা অনুসরণপূর্বক তার্কিশ ব্লু এবং লাল রঙের ২টি পতাকার ডিজাইন ইতোমধ্যে ডেভেলপ করা হয়েছে। সভায় নমুনা ডিজাইন ২টি উপস্থাপন করা হয় এবং ডিজাইন ২টির বিষয়ে মতামত প্রদানের জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (ঘ) আন্তর্জাতিক সমবায় সংস্থা (আইসিএ) নির্দেশনার আলোকে আইসিএ লোগোসহ লাল রঙের পতাকাটি সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। লাল রঙের পতাকাটি অনুমোদনের জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে পত্র প্রেরণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (ইপিপি) সমবায় অধিদপ্তর |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/৪/২০২৩

(ড. তরুণ কান্তি শিকদার)
নিবন্ধক ও মহাপরিচালক
সমবায় অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-৪৭.৬১.০০০০.০০৬.০৬.০০৪.০০(৫ম খন্ড)-৮৫ (৫০) স/মূ;

তারিখঃ ১৮/০৪/২০২৩ খ্রি.

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণঃ উপসচিব (সমবায়, প্রশাসন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। অতিরিক্ত নিবন্ধক (সকল)........................................... সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৩। অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্কভিটা)।
০৫। মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড।
০৬। যুগ্মনিবন্ধক (সকল)..................................................., সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৭। যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
০৮। উপনিবন্ধক (সকল) ............................................ সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৯। উপনিবন্ধক (এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। তাঁকে সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
১০। সহকারী নিবন্ধক (সকল)........................................ সমবায় অধিদপ্তর, ঢাকা।
১১। নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, [নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।

১৮/০৪/২০২৩
(তানিয়া আক্তার)
সহকারী নিবন্ধক (সমন্বয় ও কর্মমূল্যায়ন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।